

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

কার্যালয়ঃ টিচার্স ট্রেনিং কলেজ ক্যাম্পাস, ময়মনসিংহ  
ফোন : ০৯১-৬৩৩৩৩, E-mail : chairmanbisemym@gmail.com,  
www.mymensingheducationboard.gov.bd

(সংশোধিত)

নং- মশিবো/ময়মন/কলেজ/২০১৮/ ৩০৮৩

তারিখঃ ২০.১১.১৮

বিষয় : বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল ও কলেজ) এর জনবল কাঠামো ও এমপিও নীতিমালা ২০১৮ আলোকে জনাব মুহা: আতাউর রহমান এর নিয়োগ বাতিল প্রসঙ্গে।

সূত্র : শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং ৩৭.০০.০০০০.০৭৪.০৩০.০০১.২০১৭.২৪৫ তারিখ : ১২/০৬/২০১৮

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অর্থ বিভাগ গত ২৬.০৫.২০১৮ তারিখে কতিপয় শর্ত ও পর্যবেক্ষণের আলোকে প্রস্তাবিত “বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল এন্ড কলেজ ও কলেজ) এর জনবল কাঠামো ও এম. পি.ও নীতিমালা ২০১৮” এ সম্মতি জ্ঞাপন করেছে। অত্র নীতিমালার দফা নং ১১.৬ অনুযায়ী বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক কর্মচারীদের চাকুরিতে প্রবেশের সর্বোচ্চ বয়সসীমা ৩৫ বছর এবং শিক্ষক কর্মচারীদের বেতন ভাতাদি সরকারি অংশ ৬০ (ষাট) বছর বয়স পর্যন্ত প্রদেয় হবে। বয়স ৬০ (ষাট) বছর পূর্ণ হওয়ার পর কোন প্রতিষ্ঠানে প্রতিষ্ঠান প্রধান/সহ: প্রধান/শিক্ষক কর্মচারীকে কোন অবস্থাতেই পুনঃনিয়োগ কিংবা চুক্তিভিত্তিক নিয়োগ দেওয়া যাবে না। এমতাবস্থায় জনাব মুহা: আতাউর রহমান এর বয়স ৬০ (ষাট) বছর পূর্ণ হওয়ায় উথুরা উচ্চ বিদ্যালয় ও কলেজ থেকে তার চুক্তিভিত্তিক নিয়োগ বাতিল করা হলো। সেই সাথে উক্ত প্রতিষ্ঠানটি সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে অতি দ্রুত একজন ভারপ্রাপ্ত অধ্যক্ষ নিয়োগ প্রদান করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

শেখ মোঃ হাবিবুর রহমান  
কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড  
ময়মনসিংহ।

প্রাপক  
মুহা: আতাউর রহমান  
সাবেক অধ্যক্ষ  
উথুরা উচ্চ বিদ্যালয় ও কলেজ  
ভালুকা, ময়মনসিংহ।

২০.১১.১৮

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হল :

১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
২. জেলা প্রশাসক, ময়মনসিংহ।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ভালুকা, ময়মনসিংহ।
৪. সভাপতি, “উথুরা উচ্চ বিদ্যালয় ও কলেজ”, ভালুকা, ময়মনসিংহ।
৫. অফিস কপি।